



# ডানা ছাড়া ওড়ে কারা



লেখক: ধুব এষ  
আঁকিয়ে: সব্যসাচী হাজরা





পাখির ডানা আছে। পাখি ওড়ে।





ফড়িঙের ডানা আছে। ফড়িং ওড়ে।





প্রজাপতির ডানা আছে। প্রজাপতি ওড়ে।





ডানা ছাড়া কেউ কি পারে না উড়তে?






পারে না আবার!





এই যে মেঘ। ডানা ছাড়া ওড়ে।





এই যে ঘুড়ি। ডানা ছাড়া ওড়ে।








আর তিথি, আর আনু, আর কুসুম



তারাও ওড়ে ।





কী করে ওড়ে?




তারা তো পাখি না, ফড়িং না, প্রজাপতি না।





মেঘও না।






ঘুড়িও না।



তবে? তারা কী করে ওড়ে?





কী করে আবার, মনে মনে!

